




x

# ঢাবির পুনঃভর্তি পরীক্ষা: কোনো ধরনের বৈষম্য কাম্য নয়

যুগান্তর ডেস্ক

২৫ অক্টোবর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

454
Shares




ছবি: সংগৃহীত

প্রশ্নপত্র ফাঁস হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিকবিজ্ঞান অনুষদভুক্ত ‘ঘ’ ইউনিটের ভর্তি পরীক্ষা শেষ পর্যন্ত বাতিল করার উদ্যোগটি প্রশংসনীয় বলা যায়। কারণ, উচ্চশিক্ষার জন্য দেশের বেশিরভাগ শিক্ষার্থীর পছন্দের প্রতিষ্ঠানটিতে জালিয়াতি ও প্রশ্নফাঁসের মতো গুরুতর অনিয়ম করে ভর্তি হওয়ার মধ্য দিয়ে কেবল মেধাকেই নিরুৎসাহিত করা হয় না, একইসঙ্গে স্বপ্নের প্রতিষ্ঠানে উচ্চশিক্ষা লাভের আশায় বিভোর লাখ লাখ শিক্ষার্থীর স্বপ্ন চুরমার করা এবং অনিয়ম-দুর্নীতিকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়াও হয়।

বিষয়টির বাস্তবতা উপলব্ধি করে ‘ঘ’ ইউনিটে ফের ভর্তি পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত মেধাবী শিক্ষার্থীদের মধ্যে যেমন আশার সঞ্চার করবে, তেমনি বিশ্ববিদ্যালয়ের সম্মানও ফিরিয়ে আনবে।

তবে ডিনস কমিটি ফাঁস হওয়া প্রশ্নের পরীক্ষায় উত্তীর্ণ শুধু ১৮ হাজার ৪৬৩ জনকেই আবারও ভর্তি পরীক্ষায় বসতে দেয়ার যে সিদ্ধান্ত নিয়েছে, তা যৌক্তিক মনে করার কোনো কারণ নেই। এর মাধ্যমে একধরনের বৈষম্য তৈরি হবে। যেহেতু প্রশ্নপত্র ফাঁস হওয়ায় পরীক্ষা বাতিল করা হয়েছে, তাই এখন ওই পরীক্ষায় অংশ নেয়া বৈধ সব শিক্ষার্থীকেই পুনঃপরীক্ষার সুযোগ দেয়াই হবে ন্যায়সঙ্গত সিদ্ধান্ত।

এটা সহজেই অনুমেয়, যারা অন্যায়ভাবে প্রশ্নফাঁস করে উত্তীর্ণ হয়েছেন তাদেরসহ কেবল উত্তীর্ণদের ফের সুযোগ দেয়ায় অপরাধীদের পক্ষে যাবে সিদ্ধান্তটি। অন্যদিকে, যারা কোনো ধরনের অনিয়ম করেননি, স্বাভাবিকভাবে পরীক্ষায় অংশ নিয়ে উত্তীর্ণ হতে পারেননি, জালিয়াতচক্র কারসাজি না করলে তাদের অনেকের উত্তীর্ণ হওয়ার সুযোগ ছিল। এ অবস্থায় আমরা মনে করি, পুনঃপরীক্ষা নেয়ার পাশাপাশি বৈধ সব আবেদনকারীকে ফের সুযোগ করে দেয়া উচিত।

একইসঙ্গে ভর্তিচ্ছু ও অন্য যারা প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত ছিল, তদন্তসাপেক্ষে তাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক সাজার ব্যবস্থা করতে হবে। এবং যেসব শিক্ষার্থী [illegible] উত্তীর্ণ হয়েছে, তাদের পুনঃপরীক্ষায় অংশ নেয়ার সুযোগ না দিলে ভবিষ্যতের জন্য তা ইতিবাচক ফল দিতে পারে।

জানা যায়, ১২ অক্টোবর অনুষ্ঠিত ঢাবির ‘ঘ’ ইউনিটের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়। ১০০টি প্রশ্নের মধ্যে ফাঁস হওয়া প্রশ্নের সঙ্গে ৭২টিই হুবহু মিলে যায়। তারপরও পরীক্ষা বাতিল করার জন্য কর্তৃপক্ষকে বাধ্য করতে বর্তমান ছাত্রদের আন্দোলন করতে হয়েছে। বিষয়টি দুর্ভাগ্যজনক বলতে হবে। সংক্ষুব্ধ কেউ আদালতে গিয়ে ভর্তি প্রক্রিয়াকে যেন অনিশ্চয়তার মধ্যে ফেলতে না পারে, সেজন্য সতর্কতার সঙ্গে সবার জন্য ন্যায্য পরিস্থিতি তৈরি করা প্রয়োজন।

এবারই প্রথম নয়, এর আগের দু’বারও ‘ঘ’ ইউনিটের ভর্তি পরীক্ষার প্রশ্নফাঁসের অভিযোগ উঠেছিল। কিন্তু বিষয়টিকে সেভাবে আমলে নেয়া ও ব্যবস্থা নেয়ার নজির নেই। এমনকি খোদ তদন্ত কমিটির তদন্ত আলোর মুখ পর্যন্ত দেখেনি। বিষয়টি সত্যিই পীড়াদায়ক।


এবার ছাত্রদের জোরদার আন্দোলন ছাড়া পরীক্ষা বাতিলের মতো ঘটনা ঘটত কিনা সন্দেহ। একটা সময় পর্যন্ত ঢাবির প্রশ্নফাঁস অকল্পনীয় বিষয় ছিল। কিন্তু এখন প্রতি বছরই কেন এমন গুরুতর অভিযোগ উঠছে, তা খতিয়ে দেখে ব্যবস্থা নেয়া জরুরি। ভর্তি পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্টদের জবাবদিহি এবং ভবিষ্যৎ সতর্কতার পাশাপাশি ঢাবির মান ধরে রাখার জন্য প্রশ্নফাঁসের অপরাধীদের বিরুদ্ধে কঠোর হতে হবে এখনই।

454
Shares


## আরও পড়ুন



বার্ন ইন্সটিটিউটের উদ্বোধন: প্রত্যাশিত মানের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে হবে



জাতির ব্যাধি প্রশ্নফাঁস




বিটিআরসির প্রতিবেদন



হাত বদলেই বাড়ে দাম



জাতিসংঘ দিবসে কিছু প্রস্তাব



গ্রাহক অর্থায়নে গ্যাস বিতরণ

Sponsored Content



Gothic-Style Tower Turned Family Home for Sale in England

Mansion Global



See Inside the Celebrity Homes Currently on the Market

Mansion Global by Dow Jones



[Photos] Celine Dion: Her Journey From Loss To Love

TettyBetty



[Gallery] These Celebrity Couples Have Huge Age Differences Between Them

TettyBetty



Why Doctors Will No Longer Prescribe Metformin - WATCH

Healthnewstips.today



What Are The 10 Biggest Tech Companies In The World?

Trendingstock Today

Recommended by




**সর্বশেষ** **সর্বাধিক পঠিত**

সিরাজগঞ্জে মোবাইল নিয়ে দ্বন্দ্বে ভাইয়ের হাতে ভাই খুন

বিকালে বিএনপিতে ফিরছেন সংস্কারপন্থীদের একাংশ

খাশোগি হত্যা: এরদোগানকে বিন সালমানের ফোন

কারাগারে সাধারণ বন্দিরের সঙ্গে ফ্লোরে থাকছেন ব্যারিস্টার মইনুল

বন্দরে সালিশ চলাকালে কাউন্সিলর কার্যালয়ে হামলা, আহত ৩

বিরোধী দলের নেতাদের ফোনালাপ ফাঁস হওয়াটা চক্রান্ত

সব খবর

Daily Jugantor
Like Page 6.1M likes
Be the first of your friends to like this


শক্ত সাদা দাঁতের জন্য
স্কয়ার নিয়ে এলো নতুন
WhitePlus
WhitePlus
DAILY ENAMEL REPAIR
CALCI STRONG
দাঁতের এনামেল
রিপেয়ার করে প্রতিদিন
SQUARE TOILETRIES LTD.

জাতীয় রাজধানী সারা দেশ
আন্তর্জাতিক সারা দেশ খেলা অর্থনীতি
লাইফ স্টাইল আইটি বিশ্ব চিত্র বিচিত্র শিক্ষাঙ্গন
পরবাস একদিন প্রতিদিন সম্পাদকীয় দৃষ্টিপাত
বাতায়ন ইসলাম ও জীবন স্বজন সমাবেশ প্রতিমঞ্চ
সোশ্যাল মিডিয়া সাহিত্য যুগান্তর বর্ষপূর্তি-১৮ দরকারি
মহান মে দিবস গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন একাদশ জাতীয় সংসদ নির্বাচন শর্তাবলী

**ভারপ্রাপ্ত সম্পাদক :** সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম
প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।
পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬
E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Design and Developed by orangebd